নয়া দিগন্ত



ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গীত উৎসবের উদ্বোধন অনুষ্ঠানে ভিসির সাথে অতিথিরা ■ নয়া দিগন্ত

ঢাবিতে দিনব্যাপী সঙ্গীত উৎসব

'চির বিস্ময় আমি বিশ্ব-বিধাত্রীর : সুরবৈচিত্র্য ও ভাবনার প্রাসঙ্গিকতায় কাজী নজরুল ইসলাম' প্রতিপাদ্য নিয়ে দিনব্যাপী সঙ্গীত উৎসব গতকাল সোমবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে মনোজ্ঞ সঙ্গীত পরিবেশনা, গুণীজন সম্মাননা এবং স্মারক বৃত্তি প্রদানসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় সঙ্গীত বিভাগ এই উৎসব আয়োজন করে।

সঙ্গীত বিভাগের চেয়ারপারসন ড. প্রিয়াংকা গোপের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ জিল্লিকুর রহমান খান বিশেষ অতিথির বক্তব্য রাখেন।

নজরুল গবেষক অধ্যাপক ইরশাদ আহমেদ শাহীন স্মারক বক্তৃতা প্রদান করেন। বাংলাদেশ বেতারের উপস্থাপক জান্নাতুল ফেরদৌসী লিজা এবং সঙ্গীত বিভাগের সাবেক শিক্ষার্থী জোনাকী জ্যোতি অনুষ্ঠান ■ ৪র্থ পৃ: ৪-এর কলামে

ঢাবিতে দিনব্যাপী

৩য় পৃষ্ঠার পর

সঞ্চালন করেন।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান উৎসব আয়োজনের জন্য সংশ্লিষ্টদের ধন্যবাদ জানিয়ে বলেন, দুর্ভাগ্যজনকভাবে আমাদের সমাজে ভাঙনের সুর শক্তিশালী হচ্ছে। এ ধরনের আয়োজন ধর্ম-বর্ণ নির্বিশেষে সব মানুষকে একত্রিত করে এবং সমাজকে ঐক্যবদ্ধ করে। স্মারক বক্তৃতা প্রদানের জন্য তিনি বক্তাকে ধন্যবাদ জানান এবং উৎসবের গবেষণার অংশটি বৃহত্তর পরিসরে ছড়িয়ে দেয়ার ওপর গুরুত্বারোপ করেন। বিজ্ঞপ্তি।

নয়া দিগন্ত

ড. প্রিয়াঙ্কা গোপের সভাপতিত্বে 'সঙ্গীত উৎসব ২০২৬'

● বিনোদন প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ে সঙ্গীত বিভাগ প্রতিষ্ঠার পর থেকেই প্রতি বছর নিয়মিতভাবে উদযাপিত হয়ে আসছে 'সঙ্গীত উৎসব'। সেই ধারাবাহিকতায় বিভাগের বর্তমান চেয়ারপারসন ও এই প্রজন্মের জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত শ্রোতাপ্রিয় সঙ্গীতশিল্পী ড. প্রিয়াঙ্কা গোপের সভাপতিত্বে গতকাল ১৯ জানুয়ারি সোমবার বিকেল ৩টা থেকে রাত ১০টা পর্যন্ত 'সঙ্গীত উৎসব ২০২৬' অনুষ্ঠিত হয়। এ প্রসঙ্গে ড. প্রিয়াঙ্কা গোপ জানান এবারের উৎসবের বিষয় নির্ধারিত হয়েছিল *'চির বিস্ময় আমি বিশ্ব বিধাত্রীর' : সুরবৈচিত্র ও ভাবনার প্রাসঙ্গিকতায় কাজী নজরুল ইসলাম*'। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আয়োজিত এই উৎসবে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি। উৎসবে সঙ্গীত বিভাগের শিক্ষক শিক্ষার্থী ও দেশবরেণ্য শিল্পীরা নজরুল সঙ্গীত পরিবেশন করবেন। এর পাশাপাশি গুণীজনদের সম্মাননা প্রদান, নীলুফার ইয়াসমীন স্মারক বৃত্তি



প্রদান, মো: শহিদুল ইসলাম স্মারক বৃত্তি প্রদান, সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার প্রদান করা হয়েছে। বিকেল ৩টায় প্রদীপ প্রজ্বলন ও উদ্বোধনী সঙ্গীতের মধ্যদিয়ে উৎসব শুরু হয়। বিকেল ৪টায় নজরুলের গান, নৃত্য, কবিতা ও পাঠ-এর আসর সম্পন্ন হবে। রাত ১০টার মধ্যে ধন্যবাদ জ্ঞাপন ও জাতীয় সঙ্গীতের মধ্যদিয়ে প্রিয়াঙ্কা গোপের সভাপতিত্বে দ্বিতীয়বারের মতো এই উৎসব শেষ হয়। অনুষ্ঠানে ফাতেমা তুজ জোহরা, খায়রুল আনাম শাকিল, টিটু মুন্সী, মৃদুলা সমাদ্দার, দীপা দাশসহ বিভাগের প্রাক্তন শিক্ষার্থী, নৃত্যকলা বিভাগ, থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সঙ্গীত বিভাগ ও বিভাগের সম্মানিত শিক্ষক ও শিক্ষার্থীরা সঙ্গীত পরিবেশন, কবিতা আবৃত্তি, গজল পরিবেশন করেন। প্রিয়াঙ্কা গোপ বলেন,'গত বছর লোক সঙ্গীত নিয়ে উৎসব করেছি, এই বছর নজরুল সঙ্গীত নিয়ে। অস্থির একটা সময়ে এমন উৎসব করার মধ্যেও শিক্ষার্থীরা প্রবল আগ্রহ নিয়ে কাজ করেছে। শিক্ষক এবং অন্যান্য কলাকুশলীরা দিন রাত অনেক শ্রম দিয়েছেন। গত বছর বিভাগের ইউটিউব চ্যানেলে (*ডিপার্টমেন্ট অব মিউজিক, ইউনিভার্সিটি অব ঢাকা*) চালু করা হয়েছিল যেখানে শিক্ষকদের একটি গান প্রকাশ করা হবে। যদিও প্রতি বছর দুই দিনব্যাপী উৎসব অনুষ্ঠিত হয়; কিন্তু এ বছর আর্থিক জোগান স্বল্পতা এবং দেশের সার্বিক পরিস্থিতি সবমিলিয়ে একদিনেই এই উৎসব অনুষ্ঠিত হয়। তবুও আনন্দ লাগছে, কারণ এই উৎসবের জন্য সারা বছর সবাই অধীর আগ্রহে অপেক্ষায় থাকেন।' উৎসব উপলক্ষে একটি রঙিন স্মরণিকাও প্রকাশিত হয়েছে।

খবর সংযোগ

বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা গেছে, ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ ১৯৭৩-এর প্রথম সংবিধির ১৭(২) ধারার বিধান অনুযায়ী উপাচার্য এই নিয়োগ প্রদান করেছেন। অধ্যাপক ডা. নাদিম আহমেদের অধীনেই এখন থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ৫৪টি সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজের বিভিন্ন প্রফেশনাল পরীক্ষা ও ফলাফল প্রকাশের কার্যক্রম পরিচালিত হবে।

সহকারী শিক্ষক নিয়োগের ফল প্রকাশ শিগগিরই

নিয়োগ পাওয়ার পর সোমবার রাতেই অধ্যাপক ডা. নাদিম আহমেদ উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় তিনি চিকিৎসা শিক্ষার মানোন্নয়ন ও প্রশাসনিক গতিশীলতা রক্ষায় কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।



ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) চিকিৎসা অনুষদের নতুন ভারপ্রাপ্ত ডিন হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক ডা. নাদিম আহমেদ। তিনি ঢাকা মেডিকেল কলেজের (ঢামেক) সার্জারি বিভাগের অধ্যাপক হিসেবে কর্মরত।

সোমবার (১৯ জানুয়ারি) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান তাকে এই পদে নিয়োগ দেন। তিনি বিদায়ী ডিন অধ্যাপক ডা. মোস্তাক আহমেদের স্থলাভিষিক্ত হলেন।